অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/22/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারীর মধ্যে গভর্নর কুওমো 100 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক ফরোয়ার্ড লোন ফান্ড ছালু করেছেন ছোট ব্যবসাগুলিকে সাহায্য করার জন্য

লং আইল্যান্ড এবং মিড-হাডসন ভ্যালি অঞ্চলগুলিকে পুনরায় খোলার প্রথম ধাপের প্রত্যাশায় নির্মাণকাজ শুরু করার অনুমতি দেওয়া হবে

প্রতি সপ্তাহে 7,000 পরীক্ষা পরিচালনা করার জন্য 52 টি স্বতন্ত্র ফার্মাসির সাথে নতুন পাইলট প্রোগ্রাম চালু করা হয়

নিউ ইয়র্ক রাজ্যে এখন 750টিরও বেশি পরীক্ষণের সাইট রয়েছে

রাজ্য জাতীয় গভর্নর্স অ্যাসোসিয়েশন এর মাধ্যমে প্রতিটি রাজ্যে বিনা মূল্যে যোগাযোগ ট্রেসিং প্রশিক্ষণ কার্যক্রম এর পাঠ্যক্রম উপলভ্য করছে

নিউ ইয়র্কবাসীদের সোমবার, 25 শে মে-এর মধ্যে একটি মাস্ক পরুন নিউ ইয়র্ক বিজ্ঞাপন প্রতিযোগিতায় ভোট দেওয়ার জন্য মনে করিয়ে দেওয়া হয়; ইতিমধ্যে 92,000 মানুষ ভোট দিয়েছেন

নিউ ইয়র্ক স্টেটে আরও 1,696 জনের করোনাভাইরাস নিশ্চিত করা হয়েছে - যা স্টেটব্যাপী 48টি কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 358,154-এ নিয়ে এসেছে

চলমান COVID-19 মহামারীর মধ্যে, গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ফেডারেল COVID-19 সহায়তা না পাওয়া সংখ্যালঘু এবং মহিলাদের মালিকানাধীন ছোট ব্যবসাগুলিকে কেন্দ্র করে, ছোট ব্যবসাগুলিকে সহায়তা করার জন্য নমনীয় এবং সাশ্রয়ী মূল্যের তহবিল প্রদানের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক ফরোয়ার্ড লোন তহবিল (New York Forward Loan Fund) চালু করার ঘোষণা করলেন। 20 জন বা তার কম কর্মচারী এবং 3 মিলিয়ন মার্কিন ডলারের কম মোট রাজস্ব সহ ব্যবসাগুলিকে কেন্দ্র করে এই লোন বিতরণের জন্য রাজ্য একটি স্মার্ট, লক্ষ্যবস্তু উপায় গ্রহণ করবে। লোন গ্রহণে আগ্রহী ব্যবসাগুলির esd.ny.gov/nyforwardloans দেখা উচিত।

এছাড়াও গভর্নর কুওমো ঘোষণা করলেন যে লং আইল্যান্ড এবং মিড-হাডসন ভ্যালি অঞ্চলগুলিকে পুনরায় খোলার প্রথম ধাপের প্রত্যাশায় নির্মাণকাজ শুরু করার অনুমতি দেওয়া হবে। যদি মৃত্যুর সংখ্যা ক্রমশ কমতে থাকে এবং ট্রেসিং অনলাইন করা হয় তাহলে উভয় অঞ্চলই পরের সপ্তাহে পুনরায় খুলতে পারে।

এছাড়াও গভর্নর প্রতি সপ্তাহে 7,000 পরীক্ষা পরিচালনা করার জন্য 52টি স্বতন্ত্র ফার্মাসির সাথে এক নতুন পাইলট প্রোগ্রাম চালু করার ঘোষণা করলেন। নিউ ইয়র্ক রাজ্যে এখন 750 টিরও বেশি পরীক্ষণের সাইট রয়েছে। এছাড়াও গভর্নর যোগ্য নিউ ইয়র্কবাসীদের পরীক্ষা করার জন্য এবং কাছাকাছি একটি পরীক্ষণের সাইট খুঁজে পেতে coronavirus.health.ny.gov দেখতে উত্সাহিত করলেন।

গভর্নর আরও ঘোষণা করলেন যে রাজ্য তাদের যোগাযোগ ট্রেসিং প্রশিক্ষণ কার্যক্রম (Contact Tracing Training Program) তৈরির প্রক্রিয়াটি গতিশীল করার জন্য জাতীয় গভর্নর্স অ্যাসোসিয়েশন (National Governors Association) এর মাধ্যমে প্রতিটি রাজ্যে বিনা মূল্যে এই যোগাযোগ ট্রেসিং প্রশিক্ষণ কার্যক্রম (Contact Tracing Training Program) পাঠ্যক্রম উপলভ্য করছে। সম্ভাব্য যোগাযোগ ট্রেসারদের প্রশিক্ষণের জন্য এই বিস্তৃত অনলাইন পাঠ্যক্রমটি বিকাশের জন্য রাজ্য জনস হপকিন্স বিশ্ববিদ্যালয় (Johns Hopkins University) এর ব্লুমবার্গ ফিলান্ট্রোপিজ (Bloomberg Philanthropies) এবং ব্লুমবার্গ স্কুল অফ পাবলিক হেলথ (Bloomberg School of Public Health) এর সাথে অংশীদারিত্ব করেছে। রাজ্যের সাতটি অঞ্চলে যোগাযোগ ট্রেসিং এর কাজ চলছে - রাজধানী অঞ্চল, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি, সাদার্ন টিয়ার এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক।

এছাড়াও গভর্নর নিউ ইয়র্কবাসীদের রাজ্যের মাস্ক পরুন নিউ ইয়র্ক (Wear a Mask New York) বিজ্ঞাপন প্রতিযোগিতায় ভোট দেওয়ার জন্য স্মরণ করিয়ে দেন, যা 5ই মে গভর্নর দ্বারা চালু করা হয়েছিল এবং তার কন্যা মারিয়া কেনেডি কুওমো সেটির তদারকি করছেন। নিউ ইয়র্কবাসীরা WearAMask.ny.gov এ সোমবার, 25 শে মে পর্যন্ত বিজয়ী বিজ্ঞাপনটির পক্ষে ভোট দিতে পারেন এবং আজ পর্যন্ত 92,000 জন ভোট দিয়েছেন। আগামী 26 শে মে, মঙ্গলবার, এই বিজয়ী বিজ্ঞাপনটি ঘোষণা করা হবে এবং এই বিজ্ঞাপনটি জনপরিষেবা ঘোষণা হিসেবে ব্যবহার করা হবে।

"ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলি নিউ ইয়র্কের অর্থনীতির ইঞ্জিন, কিন্তু তারা এখন এই মহামারীতে কিছু অত্যন্ত কঠিন সমস্যার মুখোমুখি হয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলির সহায়তা করা শীর্ষস্থানীয় অগ্রাধিকার, এবং আমরা নিউ ইয়র্ক ফরওয়ার্ড লোন তহবিল (New York Forward Loan Fund) শুরু করছি এবং ক্ষুদ্র ব্যবসাগুলিকে লোন প্রদানের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি সহজলভ্য করছি, বিশেষত সংখ্যালঘু এবং মহিলাদের মালিকানাধীন ব্যবসাগুলিকে কেন্দ্র করে যা অনেক বেশি ঝুঁকির মুখোমুখি হয়েছে এবং এই মহামারী জুড়ে খুব কম ফেডারেল ত্রাণ প্রাপ্ত হয়েছে।"

পরিশেষে, গভর্নর আরও 1,696 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 358,154-তে নিয়ে এসেছে। মোট 358,154 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,756	56
Allegany	44	0
Broome	468	17
Cattaraugus	74	3
Cayuga	73	1
Chautauqua	63	5
Chemung	135	1
Chenango	118	0
Clinton	94	0
Columbia	356	1
Cortland	37	1
Delaware	72	1
Dutchess	3,767	22
Erie	5,397	127
Essex	36	0
Franklin	19	0
Fulton	189	3
Genesee	189	1
Greene	215	0
Hamilton	5	0
Herkimer	95	2
Jefferson	72	1
Lewis	19	1
Livingston	114	0
Madison	297	3
Monroe	2,601	71
Montgomery	77	0
Nassau	39,608	121
Niagara	897	17
NYC	196,484	809
Oneida	828	11
Onondaga	1,828	57
Ontario	180	4

Orange	10,142	50
Orleans	175	1
Oswego	96	4
Otsego	67	0
Putnam	1,187	12
Rensselaer	460	4
Rockland	12,905	28
Saratoga	448	8
Schenectady	645	7
Schoharie	49	0
Schuyler	11	1
Seneca	54	2
St. Lawrence	195	0
Steuben	240	2
Suffolk	38,672	119
Sullivan	1,287	6
Tioga	118	1
Tompkins	147	2
Ulster	1,595	11
Warren	246	5
Washington	224	2
Wayne	104	1
Westchester	32,767	94
Wyoming	79	0
Yates	34	0

# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন